



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd
প্রশিক্ষণ উইং



স্মারক নং: ৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮-১৬৬

তারিখ: ৩০/০৩/২০২২ খ্রি.

সভার কার্যবিবরণী

জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে “নৈতিকতা কমিটির” একটি সভা অদ্য ২২/০৩/২০২২ খ্রি রোজ মঙ্গলবার বিকাল ৪.৩০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে তার সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নৈতিকতা কমিটির সদস্যগণ উপস্থিত ছিলেন। মহাপরিচালক মহোদয় উপস্থিত সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পরিচালক (প্রশিক্ষণ) ও সদস্য সচিব নৈতিকতা কমিটি সভার আলোচ্যসূচি তুলে ধরেন। মহাপরিচালক মহোদয় সদস্যদের আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনার আহ্বান জানান। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্র নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|-----------|---|---|--|------------------------------|
| ১. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর অগ্রগতি পর্যালোচনা | পরিচালক (প্রশিক্ষণ) মহোদয় মহাপরিচালক মহোদয়কে ২০২১-২০২২ এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার অগ্রগতি সভাকে অবহিত করেন। সভার সদস্যগণ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সার্বিক অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। | | |
| ২. | শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম এর অগ্রগতি পর্যালোচনা | পরিচালক (প্রশিক্ষণ) মহোদয় সভাকে অবহিত করেন, শুদ্ধাচার কৌশল প্রশিক্ষণটি তিনভাগে ভাগ করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ০৩ দিনের মৌলিক প্রশিক্ষণ, সরকারি কলেজের অধ্যক্ষ ও কর্মকর্তাদের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক ০৫ দিনের অনলাইন প্রশিক্ষণ এবং সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের জন্য ০৫ দিনের শুদ্ধাচার কৌশল বিষয়ক অনলাইন প্রশিক্ষণ। ০২ জানুয়ারি ২০২২ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের কর্মচারীদের মৌলিক প্রশিক্ষণের মাধ্যমে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়। কর্মচারীদের ০৬ টি ব্যাচের মধ্যে ০৫ টি ব্যাচে ১০০ জন কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। ০১ টি ব্যাচ বাকী রয়েছে। কর্মকর্তাদের ০২ টি ব্যাচে ৩৯ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সরকারি কলেজের ১৬ টি ব্যাচের | ২.১ সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম ১০ এপ্রিল ২০২২ তারিখের মধ্যে শুরু করা হবে। | সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩) |

| | | | | |
|----|---|---|--|------------------------------|
| | | মধ্যে ১১টি ব্যাচে ৩০৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ০২ টি ব্যাচ চলমান রয়েছে। সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ০৬ টি ব্যাচ এর প্রশিক্ষণ এখনো শুরু হয়নি। সভায় সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের প্রশিক্ষণ কার্যক্রম দ্রুততম সময়ের মধ্যে শুরু করার বিষয়ে সবাই একমত পোষণ করেন। | | |
| ৩. | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের উত্তম চর্চা নির্ধারণে কর্মশালা আয়োজন | পরিচালক(প্রশিক্ষণ) মহোদয় সভাকে অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কার্যক্রমের অন্যতম একটি অনুযোজ্য উত্তম চর্চা নির্ধারণ। ইতোপূর্বে উইং সমূহ হতে পত্র প্রদান করে উত্তম চর্চার তালিকা প্রস্তুত করা হয়েছে। এই অর্থ বছরে উত্তম চর্চা নির্ধারণ করার জন্য একটি কর্মশালা আয়োজন করার প্রস্তাব করেন। সভার সদস্যগণ এতে একমত পোষণ করেন। | ৩.১ উত্তম চর্চা নির্ধারণে কর্মশালা আয়োজন | সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩) |
| ৪. | বিবিধ | পরিচালক (প্রশিক্ষণ) মহোদয় সভাকে অবহিত করেন আমরা অনেক কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করি কিন্তু যথাযথভাবে প্রমাণক সংরক্ষণ না করায় তাতে নম্বর পাওয়া যায়নি। মহাপরিচালক মহোদয় মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ফিডব্যাক অনুযায়ী সব উইং প্রধানকে প্রমাণক সংরক্ষণের জন্য নির্দেশনা প্রদান | ৪.১ মন্ত্রণালয়ের ফিডব্যাক সভার নির্দেশনা অনুযায়ী প্রমাণক সংরক্ষণ | পরিচালক সকল (উইং) |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(অধ্যাপক নেহাল আহমেদ)
মহাপরিচালক

স্মারক নং: ৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮-১৬৬

তারিখ: ৩০/০৩/২০২২ খ্রি

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২. পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৩. পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৪. পরিচালক(পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৫. পরিচালক (মনিটরিং ও ইভ্যালুয়েশন) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৬. পরিচালক (ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৭. পি এ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৮. সংরক্ষণ নথি

(মোঃ আনোয়ারুল আউয়াল খান)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা